

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৩৯

১/ বিবিধ

আরবী

استاكوا وتنظفوا، وأوتروا فإن الله وتر يحب الوتر  
ضعيف

رواه ابن أبي شيبة (1 / 63 / 1) : وكيع قال: حدثنا سفيان عن موسى بن أبي عائشة عن سليمان بن سعد مرفوعا. قلت: وهذا سند ضعيف، رجاله كلهم ثقات غير سليمان بن سعد وهو تابعي مجهول، أورده ابن أبي حاتم في " الجرح والتعديل " (2 / 1 / 118) فقال: " روي عن النبي صلى الله عليه وسلم، مرسل، روى عنه موسى بن أبي عائشة

قلت: ولم يذكر فيه جرحا ولا تعديلا، وقد أخطأ بعض الضعفاء فسماه سليمان بن صرد، وأسنده، لأن ابن صرد هذا صحابي! وهو إسماعيل بن عمرو البجلي: فقال: حدثنا الحسن بن صالح عن موسى بن أبي عائشة عن سليمان بن صرد مرفوعا به. أخرجه الطبراني في " الأوسط " (1 / 59 / 2 - زوائد المعجمين) وقال: " لا يروى عن سليمان إلا بهذا الإسناد

قلت: وهو ضعيف لأن البجلي هذا ضعفه غير واحد كما قال الذهبي في " الضعفاء ". وقال الهيثمي في " مجمع الزوائد " (2 / 240) : " رواه الطبراني في " الأوسط "، وفيه إسماعيل بن عمرو البجلي، ضعفه أبو حاتم والدارقطني وابن عدي، ووثقه ابن حبان وإذا عرفت الفرق بين رواية ابن أبي شيبة والطبراني يتبين لك خطأ عزو السيوطي في " الجامع " الحديث إلى المذكورين من رواية سليمان بن صرد ثم خطأ رمزه له

بالحسن، وقد فات الأمر الأول على المناوي فلم يتنبه له، أما الآخر، فقد تعقبه بقول  
الهيثمى الذي ذكرته ثم قال: وبه يعرف ما في رمز المصنف لحسنه إلا أن يراد أنه  
حسن لغيره وهذا الكلام يشعر بأن المناوي لم يطلع  
على سند الحديث عند ابن أبي شيبه فإنه عنده من غير طريق البجلي، ولكن ذلك لا  
يقوي حديثه بل يضعفه، للمخالفة التي سبق بيانها

বাংলা

৯৩৯। তোমরা মিসওয়াক কর, পরিষ্কার পরিচ্ছন্ন হও এবং বেতর আদায় কর। কারণ বেতরকে আল্লাহ  
ভালবাসেন।

হাদীছটি দুর্বল।

এটি ইবনু আবী শাইবাহ (১/৬৩/১) ওয়াকী হতে তিনি সুফিয়ান হতে তিনি মূসা ইবনু আবী আয়েশা হতে তিনি  
সুলায়মান ইবনু সা'আদ হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। সুলায়মান ইবনু সা'আদ ছাড়া সকলেই নির্ভরযোগ্য বর্ণনাকারী। তিনি  
মাজহুল তাবোঈ। তাকে ইবনু আবী হাতিম "আল-জারহ ওয়াত তা'দীল" (২/১/১১৮) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ  
তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, এটি মুরসাল...।

আমি (আলবানী) বলছিঃ তিনি তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি। কোন কোন দুর্বল ব্যক্তি ভুল করে  
তার নাম সুলায়মান ইবনু সারদ রেখে হাদীছটি মুসনাদ করে ফেলেছেন। কারণ ইবনু সারদ একজন সাহাবী। এই  
ভুলকারী দুর্বল ব্যক্তি হচ্ছেন ইসমাঈল ইবনু আমর আল-বাজালী।

এটি তাবারানী "আল-আওসাত" (১/৫৯/২) গ্রন্থে বর্ণনা করে বলেছেনঃ সুলায়মান হতে একমাত্র এ সনদেই বর্ণনা  
করা হয়েছে।

এই বাজালী দুর্বল। তাকে একাধিক ব্যক্তি দুর্বল আখ্যা দিয়েছেন। যেমনটি যাহাবী "আয-যোয়াফা" গ্রন্থে বলেছেন।  
হায়ছামী "মাজমাউয যাওয়ায়েদ" (২/২৪০) গ্রন্থে বলেনঃ তাতে ইসমাঈল ইবনু আমর আল-বাজালী রয়েছে।  
তাকে আবু হাতিম, ইবনু আদী ও দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। আর ইবনু হিব্বান নির্ভরযোগ্য আখ্যা  
দিয়েছেন।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71818>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন